



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/ ৪৩৪

তারিখ: ০৮/১০/২০১৭খ্রিঃ

বিষয়ঃ অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়া প্রসঙ্গে।


সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৩.৮৮৭৮.০০০.০৩.০১৭.১৬-১০৪০; তারিখঃ ২৮/০৬/২০১৭খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/১০৬৩৭/৪; তারিখঃ ২০/০৭/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন যমুনা সেতু দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটি বাতিল পূর্বক নতুন কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জ সূত্রে উল্লিখিত ১নং স্মারকে পত্র দেয়া হয়েছে। উক্ত পত্রের সাথে মাননীয় সংসদ সদস্য, ৬৩ সিরাজগঞ্জ-২ অধ্যাপক ডাঃ মোঃ হাবিবে মিল্লাত এম.পি মহোদয়ের ডিও লেটার এবং মাদরাসা সংশ্লিষ্ট এলাকাবাসীর আবেদন সংযুক্ত রয়েছে। প্রাপ্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটি কর্তৃক মাদরাসার সুপার জনাব মোঃ মোজাম্মেল হক এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার না করা, শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত আদেশ অমান্য করে সহ-সুপার থাকার সাথেও শরীর চর্চা শিক্ষককে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান, গোপনে অবৈধভাবে ম্যানেজিং কমিটি অনুমোদন গ্রহণের বিষয়ে উল্লেখ করা হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রেরিত পত্র, মাননীয় সংসদ সদস্যের ডিও লেটার এর সুপারিশ এর ভিত্তিতে প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবে না মর্মে ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার-কে সূত্রোক্ত ২নং স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়।

বর্গিত অবস্থায় উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রেরিত পত্র, মাননীয় সংসদ সদস্যের ডিও লেটার এর সুপারিশ এর ভিত্তিতে প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/সংস্থা/৬৩৬৯/নথি নং-সিরাজ-১৩৬; তারিখঃ ০১/০২/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঞ্চে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০৪.১০.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮


প্রাপকঃ সুপার /ভারপ্রাপ্ত সুপার, যমুনা সেতু দাখিল মাদরাসা, সদর, সিরাজগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/ ৪৩৪/৬

তারিখ: ০৮/১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সিরাজগঞ্জ।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, যমুনা সেতু দাখিল মাদরাসা, সদর, সিরাজগঞ্জ।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।


মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪